

হামদঃ
“রোজ হাশরে আল্লাহ আমার কোর না বিচার”

কাজী নজরুল ইসলাম

রোজ হাশরে আল্লাহ আমার কোর না বিচার।
বিচার চাহি না, তোমার দয়া চাহে এ গুণাহ্গার ॥

আমি জেনে শুনে জীবন ভরে
দোষ করেছি ঘরে পরে,
আশা নাই যে যাব তরে বিচারে তোমার ॥

বিচার যদি করবে কেন রহমান নাম নিলে।
ঐ নামের গুণেই তরে যাব, কেন এ জ্ঞান দিলে!

দীন ভিখারি বলে আমি
ভিক্ষা যখন চাইব স্বামী
শূন্য হাতে ফিরিয়ে দিতে পারবে না কো আর ॥

সৌজন্যেঃ নজরুল রচনাবলী (ঢাকাঃ বাংলা একাডেমী, ১৯৯৬), পৃঃ ২৮০-২৮১)